132

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 30 1999
পৃষ্ঠা ... কলাম 7

# নজরুল ইসলাম কলেজে ছাত্রলীগ ছাত্রদল সংঘর্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) দুপুরে কবি নজরুল ইসলাম সরকারী কলেজে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। উভয়পক্ষের মধ্যে কিছুক্ষণ ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এই ঘটনায় ছাত্রলীগের তিন কর্মী প্রহৃত হয়। তাহাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। সংবাদ পাইয়া সূত্রাপুর থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছাইয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পুলিশ জানায়, কলেজের নিকটস্থ নির্মাণাধীন ভবনের চাঁদা আদায় নিয়া উভয়পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত। এই ব্যাপারে ছাত্রলীগের পক্ষ হইতে সূত্রাপুর থানায় মামলা দায়ের করা হয়।